

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



স্মারকনং-৩৫.০৩.০০০০.০০২.১৭.০০৪.১৯-৪২১

তারিখঃ ০৮/০৯/২০২২খ্রিঃ।

সংবাদ বিজ্ঞপ্তি

**বিআরটিএ-র অভিযান: ৬৫ টি বাসের বিপরীতে
২ লক্ষ ৪৩ হাজার ৯ শত টাকা জরিমানা আদায়।**

ঢাকা, ০৮ সেপ্টেম্বর ২০২২:

অতিরিক্ত ভাড়া আদায়ের অপরাধে আজ ঢাকা ও চট্টগ্রাম মহানগরে ১৪টি স্পটে বিআরটিএ-র ০৯টি ভ্রাম্যমাণ আদালত ১১টি বাসের বিপরীতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আদায় করেছে।

এছাড়া রুট ভায়েলেশন/রুট পারমিট বিহীন, হাইড্রোলিক হর্ণ, ফিটনেস বিহীন, ওয়েবিল ও অন্যান্য অপরাধের দায়ে ৫৪ টি বাসের বিপরীতে ৫৪ টি মামলায় ২,১৩,৯০০/- (দুই লক্ষ তেরো হাজার নয়শত) টাকা জরিমানা আদায় করা হয়।

বিআরটিএ-র চেয়ারম্যান জনাব নূর মোহাম্মদ মজুমদার, পরিচালক (এনফোর্সমেন্ট) জনাব মোঃ আজিজুল ইসলাম এবং উপপরিচালক (এনফোর্সমেন্ট) জনাব মোঃ হেমায়েত উদ্দিন ঢাকা মহানগরের বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনার তদারকি করেন। অভিযানকালে বাস ও মিনিবাস মালিক ও শ্রমিক সংগঠনের প্রতিনিধি দলের সদস্যগণ উপস্থিত ছিলেন।

(মোঃ হেমায়েত উদ্দিন)

উপপরিচালক (এনফোর্সমেন্ট)

ফোনঃ ৫৫০৪০৭২২

ই-মেইল: ddenf@brta.gov.bd

বরাবর

বার্তা সম্পাদক/হেড অব নিউজ/চীফ নিউজ এডিটর
সিনিয়র রিপোর্টার/স্টাফ রিপোর্টার (সড়ক পরিবহন বীট)
(সদয় প্রচার/প্রকাশের একান্ত অনুরোধসহ)

১। জাতীয় দৈনিক পত্রিকা (সকল)

২। বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল)

৩। বিটিভি/ বাংলাদেশ বেতার।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ

১। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। জনাব শাহজাহান কবীর, সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।